



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,
উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা।
www.dife.gov.bd

স্মারক নম্বরঃ ৪০.০১.৪৭০০.০০০.১০৩.৯৯.০০২৩.১৯.১৮৫১(২)

তারিখঃ ২৪/০২/২০২৬খ্রিঃ

সভার নোটিশ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পেশাগত দুর্ঘটনা হ্রাসকল্পে উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা কর্তৃক আগামী ২৫/০২/২০২৬ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় আপনাদের প্রতিষ্ঠান আল-মাহমুদ কনভার্টিং, পূর্ব মশিয়ালী, আটরা শিল্প এলাকা, খুলনা এর মিলনায়তনে একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় আপনার কারখানার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং বিভিন্ন ডিপার্টমেন্টের শ্রমিকদের উপস্থিত রাখার জন্যে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়সমূহঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;
- ২। বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতির পর্যালোচনা;
- ৩। পেশাগত দুর্ঘটনা হ্রাসকল্প বিষয়ক উন্মুক্ত আলোচনা; এবং
- ৪। বিবিধ।

সানতাজ বিল্লাহ
২৪/২/২০২৬

সানতাজ বিল্লাহ
উপমহাপরিদর্শক

স্মারক নম্বরঃ ৪০.০১.৪৭০০.০০০.১০৩.৯৯.০০২৩.১৯.১৮৫১/৩ (২)

তারিখঃ ২৪/০২/২০২৬খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, অত্র প্রতিষ্ঠান
- ৩। ব্যবস্থাপনা পরিচালক/ম্যানেজার/ভারপ্রাপ্ত, আল-মাহমুদ কনভার্টিং, পূর্ব মশিয়ালী, আটরা শিল্প এলাকা, খুলনা।

সানতাজ বিল্লাহ
২৪/২/২০২৬

সানতাজ বিল্লাহ
উপমহাপরিদর্শক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,
উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা।
www.dife.gov.bd

সভার কার্যবিবরণী ২৫ ফেব্রুয়ারী ২০২৬ খ্রিঃ


সভাপতি সানতাজ বিল্লাহ
উপমহাপরিদর্শক
সভার তারিখ ২৫/০২/২০২৬ খ্রিঃ
সভার সময় সকাল ১২:৩০ ঘটিকা
স্থান আল-মাহমুদ কনভার্টিং, পূর্ব মশিয়ালী, আটরা শিল্প এলাকা, খুলনা
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং সভার কার্যক্রম শুরু করেন। জনাব এস.এম. শাহজাদ কবির, সহকারী মহাপরিদর্শক (সেফটি) এসডিজি বিষয়ক সভার সামগ্রিক আলোচনা তুলে ধরেন। অদ্যকার সভায় নিম্নবর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়।

নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি
১	দুর্ঘটনা রোধ	সভাপতি বলেন যে, ছোট বড় যেকোন প্রকার দুর্ঘটনা শূন্যের কোটায় আনার লক্ষ্য নিয়ে সকলকে একত্রিত হয়ে কাজ করতে হবে। কারখানার কর্তৃপক্ষ বলেন যে, এ বিষয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নির্দেশনা তারা যথাযথভাবে মেনে চলবেন।	কোথাও কোন ঝুঁকি দেখলে তৎক্ষণাৎ কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন।	কারখানা কর্তৃপক্ষ
২	পিপিই ব্যবহার	সভাপতি সকল শ্রমিকদের নিয়মিত পিপিই ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন যে, কারখানার বাতাসে প্রচুর ধূলিকণা থাকে। সে কারণে শ্রমিকদের যথাযথভাবে পিপিই ব্যবহার করা অত্যন্ত জরুরী। কারখানা কর্তৃপক্ষ বিষয়টি স্বীকার করেন। কারখানা কর্তৃপক্ষ বলেন যে, শ্রমিকগণ নিয়মিতভাবে মাস্ক ব্যবহার করতে চান না। সভাপতি বলেন পিপিই প্রদান এবং তার ব্যবহার নিশ্চিত করা কারখানার মালিক কর্তৃপক্ষের। সুতরাং পিপিই ব্যবহার ব্যতীত তাদের কাজ করানো যাবে না।	শ্রমিকদের পিপিই ব্যবহার নিশ্চিতছাড়া কাজ করানো যাবে না।	কারখানা কর্তৃপক্ষ

৩	নিয়মিত প্রশিক্ষণ	সভাপতি দুর্ঘটনা হাসকল্লে নিয়মিত সভা আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন। এব্যাপারে তিনি সকলকে উদ্বুদ্ধকরণ করেন।	দুর্ঘটনা রোধে নিয়মিত প্রশিক্ষণ এবং অগ্নি মহড়া আয়োজন করতে হবে।	কারখানা কর্তৃপক্ষ
---	-------------------	--	--	-------------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৫/২/১৬
সানতাজ বিল্লাহ
উপমহাপরিদর্শক

স্মারক নম্বরঃ ৪০.০১.৪৭০০.০০০.১০৩.৯৯.০০২৩.১৯. ১৮৫১/৩ (২)

তারিখঃ ২৫/০২/২০২৬খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং
- ২। ব্যবস্থাপনা পরিচালক/ম্যানেজার/ভারপ্রাপ্ত, আল-মাহমুদ কনভার্টিং, পূর্ব মশিয়ালী, আটরা শিল্প এলাকা, খুলনা।


২৫/২/১৬
সানতাজ বিল্লাহ
উপমহাপরিদর্শক